# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১০০

তারিখঃ ০৬ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২০ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯০তম কমিশন সভা অদ্য ২০/০৬/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশনের নজরে এসেছে যে, ইদানিংকালে একই জাতীয় পরিচয়পত্র নম্বর, একই মোবাইল নম্বর এবং একই ব্যাংক হিসাব নম্বর কিছু ক্ষেত্রে বিভিন্ন বিও হিসাবে ব্যবহার করা হচ্ছে যা বেআইনি এবং কোনক্রমেই কাম্য নয়। কমিশন আজকের সভায় সকল ডিপোজিটরি অংশগ্রহণকারীদের (DP) জন্য একটি সার্কুলার ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে যা অদ্যই ইস্যু করা হবে। উক্ত সার্কুলারে বর্ণিত ধরণের ব্যত্যয় থাকলে তা আগামী ২১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে ডিপোজিটরি অংশগ্রহণকারীদের সংশোধন করতে হবে। উল্লেখ্য, যে ব্যক্তির নামে বিও হিসাব ঠিক তারই জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর এবং ব্যাংক হিসাব নম্বর ব্যবহার করতে হবে, কোনক্রমেই অন্য কোন ব্যক্তির জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর বা ব্যাংক হিসাব নম্বর ব্যবহার করা যাবে না।

   সেন্ট্রাল ডিটোজিটরি বাংলাদেশ লিমিটেড (CDBL) কমিশনকে এই সার্কুলার অনুযায়ী একটি কমপ্লায়েন্স রিপোর্ট আগামী ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে দাখিল করবে যাতে এই ধরণের কোন ব্যত্যয় থাকলে তা উল্লেখ করতে হবে এবং সে অনুযায়ী কমিশন পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করবে।

   এছাড়াও, বর্ণিত সার্কুলারে বিও হিসাবে হিসাবধারকের ইমেইল (যদি থাকে) সন্নিবেশিত করার জন্যও ডিপোজিটরি অংশগ্রহণকারীদের অনুরোধ করা হবে, যাতে হিসাবধারকগণ কোম্পানী অথবা মিউচ্যুয়াল ফান্ডের সকল বিবরণী তথা নোটিশ ইমেইলের মাধ্যমে খুব সহজেই পেয়ে যান।

২. এইচআর টেক্সটাইল মিলস লিমিটেড এর ৫০ কোটি টাকার Fixed Rate Corporate Bond এর প্রস্তাব কমিশন অদ্যকার সভায় অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ঠ্য হচ্ছে Non-convertible, Fixed Rate Corporate Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা ব্যাংক, ইনস্যুরেন্স কোম্পানি, আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট হাউস, অনিবাসী বাংলাদেশী এবং সাধারন জনগনকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে কোম্পানিটি উৎপাদন ব্যবস্থার উন্নয়ন এবং উচ্চহার সম্পন্ন ঋন পরিশোধ করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে ইসি সিকিউরিটিজ লিমিটেড এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিঃ এবং প্রাইম ফাইন্যান্স ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড কাজ করছে।

২০।০৬।২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd